

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ঢাকা।

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি

সুপ্রীম কোর্ট দিবস উদযাপন সংক্রান্ত জাজেস কমিটির ৩০/১১/২০২১ খ্রি. অনুষ্ঠিত সভায় উপস্থিত সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির বিজ্ঞ সভাপতি ও সম্পাদকের সহিত কমিটির সদস্য মাননীয় বিচারপতি মহোদয়গণের আলোচনাক্রমে সুপ্রীম কোর্ট দিবস উদযাপন উপলক্ষ্যে আগামী ১৮ ডিসেম্বর ২০২১ খ্রি. বিকাল ৩:৩০ ঘটিকায় সুপ্রীম কোর্ট জাজেস স্পোর্টস কমপ্লেক্স-এ আয়োজিতব্য অনুষ্ঠানে সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির যে সকল সদস্য অংশগ্রহণে ইচ্ছুক তাদেরকে অনলাইন রেজিস্ট্রেশন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় (সাবেক বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলবৃন্দ, সিনিয়র অ্যাডভোকেট, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির প্রাক্তন সভাপতি ও সম্পাদকবৃন্দ, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির বর্তমান কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল এবং ডেপুটি অ্যাটর্নি জেনারেল পর্যায়ের বিজ্ঞ আইনজীবীগণের অনলাইন রেজিস্ট্রেশনের আবশ্যিকতা নেই)। উল্লেখ্য, প্রথম ৩০০ জনের রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন কার্যক্রম সমাপ্ত হবে। আগামী ১২/১২/২০২১ খ্রি. হতে ১৪/১২/২০২১ খ্রি. এর মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং আগামী ১৫/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে সুপ্রীম কোর্ট মূল ভবন রুম নং-১২৪ হতে (সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা) আমন্ত্রণপত্র সংগ্রহ করতে হবে।

অনলাইন রেজিস্ট্রেশনের জন্য লিঙ্ক সুপ্রীম কোর্ট ওয়েবসাইটে পাওয়া যাবে। লিঙ্ক-এ ক্লিক করে রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে।



০৭.১২.২০২১
(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট